

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(রাজস্ব শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ৩১.৪৩.৩৮০০.০২০.০৬.০০৩.১৯-

তারিখঃ /০৯/২০১৯ খ্রিঃ

১৪২৬ বাংলা সনের জন্য বালুমহাল ইজারার পুনঃবিজ্ঞপ্তিঃ (২য় বার)


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলার জয়পুরহাট সদর উপজেলায় অবস্থিত নিম্নবর্ণিত বালুমহাল শর্তসাপেক্ষে বাংলা ১৪২৬ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত জেলা প্রশাসকের কার্যালয়ে তালিকাভুক্ত ইজারাদারদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর রাজস্ব শাখা হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর রাজস্ব শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জানার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর রাজস্ব শাখায় যোগাযোগ করা যেতে পারে।

বালুমহালের তালিকা

উপজেলার নাম	ক্রমিক নং	বালুমহালের নাম	তফসিল	সরকারি মূল্য	মন্তব্য
জয়পুরহাট সদর	০১	শুকটিপাড়া - ছাওয়ালপাড়া	মৌজা- বড় মাঝিপাড়া; জে,এল, নং- ৭২; খতিয়ান নং- ০১; দাগ নং- ১৪০,১৪৫; পরিমাণ- ৮.২৬ একর	৩,০১,০৭০/-	
বিবরণ	আবেদনপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তু খোলার তারিখ ও সময়	মন্তব্য		
১ম বার	১৯/০৯/১৯ তারিখ ০১.০০ ঘটিকা পর্যন্ত	১৯/০৯/১৯ তারিখ ০৩.০০ ঘটিকা	উল্লিখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে আবেদনপত্র আহবান অব্যাহত থাকবে। ১ম বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে বালুমহালের আবেদন সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে।		
২য় বার	২৯/০৯/১৯ তারিখ ০১.০০ ঘটিকা পর্যন্ত	২৯/০৯/১৯ তারিখ ০৩.০০ ঘটিকা			
৩য় বার	১৫/১০/১৯ তারিখ ০১.০০ ঘটিকা পর্যন্ত	১৫/১০/১৯ তারিখ ০৩.০০ ঘটিকা			

শর্তাবলী:

- ০১। দরপত্র ফরম গ্রহণের জন্য কোড নং-১-৪৬৩১-০০০০-১২৬৩ তে চালানমূলে ১,০০০/- (এক হাজার) টাকা ফি বাবদ জমা প্রদান করে চালান কপি দাখিল করতে হবে;
- ০২। দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ প্রদত্ত মূল্যের ২৫% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে;
- ০৩। বালুমহালের দর অনুমোদনের পর ০৭(সাত) দিনের মধ্যে ইজারামূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। ইজারা মূল্য কোনভাবেই কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে;
- ০৪। বালুমহালের মূল্য পরিশোধের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প (নিজ খরচে) চুক্তিনামা সম্পাদন করতে হবে অতঃপর দখল বুকে দেয়া হবে;
- ০৫। বালুমহাল ব্যতিত অন্য কোন স্থান হতে বালু উত্তোলন করা যাবে না এবং চৌহদ্দি ঠিক রেখে বালু উত্তোলন করতে হবে। বালু উত্তোলনের ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে যায় এমনভাবে বালু উত্তোলন করা যাবে না;
- ০৬। বালুমহালের অভ্যন্তরে কেউ অনুপ্রবেশ করলে তার দায়িত্ব ইজারাদারকেই বহন করতে হবে;
- ০৭। বালুমহাল হতে সাধারণ বালু ব্যতিত অন্য কোন উপায়ে এবং ভূ-গর্ভস্থ বালু বোরিং করে উত্তোলন করা যাবে না;
- ০৮। নদীর বাঁধ হতে কমপক্ষে ১৫০(একশত পঞ্চাশ) মিটার এবং ব্রীজ হতে ৩০০(তিনশত) মিটারের মধ্য হতে বালু উত্তোলন করা যাবে না;
- ০৯। বালু পরিবহনের কারণে জনগণের চলাচলের রাস্তা ক্ষতিগ্রস্ত হলে ইজারাদারকে নিজখরচে মেরামত করতে হবে;
- ১০। দরপত্র ফরম পূরণে মিথ্যা তথ্য প্রমাণ হলে বা ঘষা-মাজা করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে;
- ১১। উল্লিখিত শর্তাবলী ভঙ্গ করলে ইজারা বাতিলসহ বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন'২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।


(মোহাম্মদ জাকির হোসেন)

জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন : ০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd
(রাজস্ব শাখা)

নম্বর: ৩১.৪৩.৩৮০০.০২০.০৬.০০৩.১৯- ১১১০ (৫৬)


তারিখ: ১২/০৯/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা
- ০৪। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগ, বগুড়া
- ০৫। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জয়পুরহাট

অনুলিপি অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

- ০৭। মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট
- ০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর
- ১০। সহকারী কমিশনার(ভূমি), জয়পুরহাট সদর
- ১১। সহকারী কমিশনার, আই,সি,টি শাখা, জয়পুরহাট কালেক্টরেট (জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১২। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। বহল প্রচারের জন্য
- ১৫। উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জয়পুরহাট
- ১৬। চেয়ারম্যান,..... ইউ.পি, জয়পুরহাট সদর
- ১৭। অফিসার ইনচার্জ, জয়পুরহাট সদর
- ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....। বহল প্রচারের জন্য
- ১৯। জনাব.....(অধিকাঙ্ক ইজারাদার)


রোজিনী ডেপুটি কালেক্টর

ও

সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
জয়পুরহাট